

বাকুবিতে ১৭০ কোটি টাকার বাজেট

বাকুবি প্রতিনিধি

২০১৫-১৬ অর্থবছরের জন্য ১৭০ কোটি ৫ লাখ টাকার বাজেট অনুমোদন করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি)। গতকাল সোমবার বেলা ১১টায় উপাচার্যের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বাকুবি সিন্ডিকেটের ৩০৬তম অধিবেশনে এ বাজেট অনুমোদন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবরের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট অধিবেশনে উপস্থিত ছিলেন কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের ডিন অধ্যাপক মো. আবদুর রশীদ, মাৎস্য বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ইদ্রিস মিয়া, মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগের অধ্যাপক ড. মো. মনসুরুল আমীন, পরিকল্পনা কমিশনের সদস্য অধ্যাপক ড. শামসুল আলম, বাংলাদেশ মাৎস্য গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই) সাবেক মহাপরিচালক অধ্যাপক ড. সুভাষ চন্দ্র চক্রবর্তী, ময়মনসিংহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. মো. মতিউর রহমান, সাবেক সাংসদ কেএম খালিদ এবং সিন্ডিকেট সচিব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. আবদুল খালেক। অধিবেশনে বাকুবির শিক্ষা ও প্রশাসনিক বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।